

কালের কর্ত্ত

আপডেট : ১৯ মার্চ, ২০১৮ ২৩:২১

বরিশালের শোলনা প্রাথমিক বিদ্যালয়

প্রধান শিক্ষকের বিরুদ্ধে গুরুতর ১০ অভিযোগ

 প্রধান শিক্ষকের বিরুদ্ধে গুরুতর ১০ অভিযোগ

বরিশাল সদর উপজেলার রায়পাশা-কড়াপুর ইউনিয়নের ৬ নম্বর পূর্ব শোলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে গুরুতর ১০টি অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক তৌহিদা খানমের বিরুদ্ধে অর্থ আত্মসাহ, বই বিতরণে অনিয়মসহ বিভিন্ন অভিযোগ তুলেছেন অভিভাবকরা। তাঁরা অভিযোগগুলো লিখিতভাবে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে গতকাল সোমবার পাঠিয়েছেন। অভিযোগগুলো বিদ্যালয় পরিচালনা কমিটিকেও অবহিত করেছেন। কমিটির সদস্যরা বলছেন, প্রধান শিক্ষকের দুর্নীতির অভিযোগগুলো তাঁরাও শুনছেন।

অভিভাবকদের সঙ্গে কথা বলে জানা গেছে, প্রতি শিক্ষার্থীর কাজ থেকে ভর্তি বাবদ ১০০ টাকা করে নেন প্রধান শিক্ষক তৌহিদা খানম। সম্প্রতি শিক্ষার্থীদের কাজ থেকে শিক্ষা উপকরণ কেনার নামে জনপ্রতি ২০ টাকা করে নিয়েছেন। টয়লেট ব্যবহারের (পরিষ্কার) জন্য জনপ্রতি ২০ টাকা করে নেওয়া হচ্ছে।

সদর উপজেলার রায়পাশা-কড়াপুর ইউনিয়নের ৬ নম্বর পূর্ব শোলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে গুরুতর ১০টি অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক তৌহিদা খানমের বিরুদ্ধে অর্থ আত্মসাহ, বই বিতরণে অনিয়মসহ বিভিন্ন অভিযোগ তুলেছেন অভিভাবকরা। তাঁরা অভিযোগগুলো লিখিতভাবে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে গতকাল সোমবার পাঠিয়েছেন। অভিযোগগুলো বিদ্যালয় পরিচালনা কমিটিকেও অবহিত করেছেন। কমিটির সদস্যরা বলছেন, প্রধান শিক্ষকের দুর্নীতির অভিযোগগুলো তাঁরাও শুনছেন।

অভিভাবকদের সঙ্গে কথা বলে জানা গেছে, প্রতি শিক্ষার্থীর কাজ থেকে ভর্তি বাবদ ১০০ টাকা করে নেন প্রধান শিক্ষক তৌহিদা খানম। সম্প্রতি শিক্ষার্থীদের কাজ থেকে শিক্ষা উপকরণ কেনার নামে জনপ্রতি ২০ টাকা করে নিয়েছেন। টয়লেট ব্যবহারের (পরিষ্কার) জন্য জনপ্রতি ২০ টাকা করে নেওয়া হচ্ছে। বিদ্যালয়ের ২১৫ শিক্ষার্থীর কাছ থেকে এই টাকা তুলেছেন। এ বছর প্রথম শ্রেণির শিক্ষার্থীরা বই উৎসবের দিন বই হাতে পায়নি। তাদের ৩ জানুয়ারি বই দেওয়া হয়েছে।

প্রধান শিক্ষকের অসহযোগিতার কারণে বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী আর অভিভাবকদের মধ্যে সমন্বয় নেই। তা ছাড়া প্রধান শিক্ষকের সঙ্গে সহকারী শিক্ষকদের সমন্বয়হীনতার কারণেও পাঠদান ব্যাহত হচ্ছে। সহকারী শিক্ষকদের সঙ্গে প্রধান শিক্ষক অসদাচরণ করার অভিযোগও রয়েছে। এ জন্য শিক্ষার পরিবেশ দিন দিন নষ্ট হচ্ছে বলে অভিযোগে জানানো হয়। এ ছাড়া শিক্ষক-শিক্ষার্থী থেকে শুরু করে অভিভাবকদের সঙ্গে প্রধান শিক্ষক বাজে আচরণ করেন।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৮৭। E-mail : info@kalerkantho.com